

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৬৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - আযানের ফ্যীলত ও মুয়ায্যিনের উত্তর দান

আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: عَلَّمَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَن أَقُولَ عِنْد أَذَانِ الْمغرب: «اللَّهُمَّ إِن هَذَا إِقْبَالُ لَيْلِكَ وَإِدْبَارُ نَهَارِكَ وَأَصْوَاتُ دُعَاتِكَ فَاغْفِرْ لِي . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالْبَيْهَقِيُّ فِي الدَّعَوَاتِ الْكَبِيرِ

বাংলা

৬৬৯-[১৬] উন্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে মাগরিবের আযানের সময় এ দু'আটি পড়ার জন্য শিখিয়ে দিয়েছেনঃ ''আল্লা-হুন্মা ইন্না হা-যা- ইকবা-লু লায়লিকা ওয়া ইদবা-রু নাহা-রিকা ওয়া আস্ওয়া-তু দু'আ-তিকা ফাগফির লী'' (অর্থাৎ- হে আল্লাহ! এ আযানের ধ্বনি তোমার দিনের বিদায় ধ্বনি এবং তোমার মুয়াযযিনের আযানের সময়। তুমি আমাকে ক্ষমা কর।)। (আবূ দাউদ ও বায়হাকী- দা'ওয়াতে কাবীর)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৫৩০, বায়হাকী দা'ওয়াতে কাবীর, আল কালিমুত্ ত্বইয়্যিব ৯৭ পৃঃ। কারণ এর সানাদে ''আবূ কাসীর'' নামে একজন মাজহূল বা অপরিচিত রাবী রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের সময় তথা মাগরিবের আযানের পর পড়ার জন্য একটি বিশেষ দু'আ শিক্ষা দিয়েছেন। এ হাদীসে দু'আর শব্দ বলতে আযানকে বুঝানো হয়েছে। এ সময়ে ক্ষমা চাওয়ার দ্বারা এ কথাও প্রমাণিত হয় যে, আযানের সময়টা দু'আ কবূলের একটি বিশেষ সময়। মুয়াযযিন যখন আযান শেষ করবেন তখন নাবীর প্রতি দর্মদ পাঠ করা, আযানের দু'আ পাঠ করা এবং আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করা মুস্তাহাব।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন